# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 06-10-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বন্যা বিধ্বস্ত উত্তরবঙ্গে ত্রাণ বিলি করতে গিয়ে জলপাইগুড়ির নাগরাকাটায় আক্রান্ত বিজেপি সাংসদ খগেন মুর্মু ও দলীয় বিধায়ক শঙ্কর ঘোষ। অভিযোগের তীর তৃণমূল কংগ্রেসের দিকে। ঘটনার নিন্দা বিরোধী দলগুলির।

২) ঘটনাস্থল পরিদর্শনে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। দুর্গতদের পাশে থাকার আশ্বাস। বিজেপি নেতাদের ওপর হামলার ঘটনার নিন্দা করলেন তিনি।

বিপর্যয়ে নিহতদের পরিবার প্রতি ৫ লক্ষ টাকা এবং একজনকে স্পেশাল হোমগার্ডের চাকরী দেওয়ার ঘোষণা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

৩) আজ থেকে উত্তরবঙ্গে বৃষ্টি কমবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

৪) কলকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয় সহ মোট আটটি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগের সম্মতি দিল সুপ্রিম কোর্ট।

৫) আজ কোজাগরী লক্ষ্মী পুজো। সৌভাগ্য, কল্যাণ, সমৃদ্ধি ও ধনসম্পদের দেবী লক্ষ্মীর আরাধনা চলেছে বাংলার ঘরে ঘরে।

---

উত্তরবঙ্গের জলপাইগুড়ির নাগরাকাটায় বন্যা বিধ্বস্ত পরিস্থিতি পরিদর্শনে গিয়ে আজ আক্রান্ত উত্তর মালদার সাংসদ খগেন মুর্মূ এবং শিলিগুড়ি বিধানসভার বিধায়ক শঙ্কর ঘোষ। রক্তাক্ত অবস্থায় শ্রী মুর্মু শিলিগুড়ির হাসপাতালে চিকিৎসাধীন।

উত্তরবঙ্গে দুর্যোগ বিপর্যয় ও জীবনহানির ঘটনায় রাজ্যপাল সিভি আনন্দ বোস গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করেছেন। **এই হামলার তীব্র নিন্দা করে দুর্গতদের পাশে থাকার আশ্বাস দিয়েছেন তিনি।**

উত্তরবঙ্গের পরিস্থিতি পরিদর্শনে যান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ও রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

জলপাইগুড়ি থেকে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

এদিকে, এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে চূড়ান্ত রাজনৈতিক চাপানোতর। বিজেপির দাবি, এর পেছনে রয়েছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই আক্রমণের তীব্র নিন্দা করে এক্স হ্যান্ডেলে লেখেন নাগরাকাটায় পুলিশের উপস্থিতিতে তাদের ওপর যে নির্মম আক্রমণ করা হয়েছে, বাংলার মানুষ এই কাপুরুষতা ও নির্লজ্জতা কখনও ভুলবেনা।

বিজেপির জাতীয় মুখপাত্র শুধাংশু ত্রিবেদী আজ সাংবাদিকদের বলেন, উত্তরবঙ্গে ত্রাণ বিলিতে গিয়ে দলীয় নেতারা যেভাবে আক্রান্ত হয়েছেন, তা অত্যন্ত উদ্বেগজনক।

বাইট শুধাংশু

বিজেপির ওপর আক্রমণের কড়া নিন্দা করে সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, আজ উত্তরবঙ্গে পৌঁছেই মুখ্যমন্ত্রীর উচিত ছিল এই ঘটনায় জড়িতদের গ্রেপ্তারের নির্দেশ দেওয়া।

বাইট সেলিম

প্রবীণ কংগ্রেস নেতা অধীর চৌধুরীও এই আক্রমণের তীব্র নিন্দা করে বলেছেন, এই সংকীর্ণতা বাংলার মানুষের জন্য কখনও শুভ হতে পারে না।

বাইট অধীর

বন্যা বিধ্বস্ত উত্তরবঙ্গে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মৃতদের পরিবার প্রতি ৫ লক্ষ টাকার অর্থ সাহায্য ও একজনকে স্পেশাল হোমগার্ডের চাকরির ঘোষণা করেছেন। আজ তিনি নাগরাকাটা সহ উত্তরবঙ্গের বিভিন্ন ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে দেখেন। দুর্যোগে বিপর্যস্ত পরিবারগুলির সঙ্গে কথা বলেন তিনি।

বাইট মুখ্যমন্ত্রী

আগেই জানানো হয়েছে, নিম্নচাপ জনিত প্রবল বৃষ্টি এবং ভুটান পাহাড় থেকে নেমে আসা জলে বিপর্যস্ত উত্তরবঙ্গে অন্তত ২৩ জনের মৃত্যু হয়েছে। মৃতের সংখ্যা আরও বাড়ার সম্ভাবনা।

তবে উত্তরবঙ্গে আজ সকালের দিকে কয়েক পশলা বৃষ্টি হলেও বিকেলের পরে আর বৃষ্টি হয়নি। ১০ নম্বর জাতীয় সড়ক এখনও বন্ধ রয়েছে।

-------------------

এদিকে, দলীয় নেতৃবৃন্দের ওপর হামলার প্রতিবাদে আজ নদীয়ার রানাঘাটে ১২ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিজেপি। রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার সাংবাদিকদের জানান আগামীকাল বেলা ১১টা থেকে জেলা জুড়ে সর্বত্র এই ঘটনার প্রতিবাদে বিক্ষোভ কর্মসূচি নেওয়া হয়েছে। পুরুলিয়ার মানবাজার থানার সামনেও টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান বিজেপি কর্মী সমর্থকরা।

অন্য জেলা থেকেও ত্রাণ দিতে গিয়ে বিজেপি কর্মীদের আক্রান্ত হওয়ার খবর পাওয়া যাচ্ছে।

কোচবিহারের তুফানগঞ্জের বলরামপুরে দুর্গতদের ত্রাণ দিতে গিয়ে আজ বিজেপি জেলা সহ-সভাপতি উজ্জ্বল কান্তি বসাক তৃণমূল কংগ্রেসের হাতে আক্রান্ত হয়েছেন বলে অভিযোগ উঠেছে। তার গাড়িতে ব্যাপক ভাঙচুর এবং তাকে মারধর করা হয় বলে খবর। বর্তমানে তিনি তুফানগঞ্জ মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন।

--------------------

উত্তর পূর্ব বিহার এবং সংলগ্ন এলাকায় অবস্থানকারী ঘূর্ণাবর্তটি শক্তিক্ষয় করেছে। এর ফলে আজ থেকেই উত্তরবঙ্গের বৃষ্টি কমবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। তবে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে, কলকাতা সহ দক্ষিণবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা পূর্ব মেদিনীপুর, হাওড়া হুগলি পূর্ব বর্ধমান পুরুলিয়া ও বাঁকুড়া জেলায় আজ দমকা হাওয়া সহ বিক্ষিপ্ত ভাবে বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

--------------------

কলকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয় সহ মোট আটটি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগের সম্মতি দিল সুপ্রিম কোর্ট। কলকাতা বিশ্ববিদ্যালয়ে আশুতোষ ঘোষ এবং যাদবপুরে চিরঞ্জীব ভট্টাচার্যকে স্থায়ী উপাচার্য হিসেবে নিয়োগপত্র দেওয়া হবে বলে জানা গেছে। আশুতোষ ঘোষ এর আগেও কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ছিলেন। চিরঞ্জীব ভট্টাচার্য এর আগে যাদবপুরেই রেজিস্ট্রার এবং সহ-উপাচার্য হিসাবে দায়িত্ব সামলেছেন।

এছাড়া, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্য হিসেবে দায়িত্ব নিতে চলেছেন ওমপ্রকাশ মিশ্র। বিশ্ব বাংলা বিশ্ববিদ্যালয়ে আবু তালেব, সাধু রামচাঁদ বিশ্ববিদ্যালয়ে

চন্দ্রদীপা ঘোষ, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে আশিস ভট্টাচার্য, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে উদয় বন্দ্যোপাধ্যায় এবং রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে অর্ণব সেনকে স্থায়ী উপাচার্য হিসেবে নিয়োগ করা হবে।

উল্লেখ্য রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে স্থায়ী উপাচার্য নিয়োগ নিয়ে জটিলতা কাটাতে অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি উদয় উমেশ ললিতের নেতৃত্বে সার্চ কমিটি তৈরি করে দেয় সুপ্রিম কোর্ট। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদপ্রার্থীদের সঙ্গে সাক্ষাৎকার পর্ব শেষ করে শীর্ষ আদালতে সুপারিশ জমা দিয়েছিল এই কমিটি।

--------------------

আজ কোজাগরী লক্ষ্মী পুজো।

গান

সৌভাগ্য, সমৃদ্ধি ও ধনসম্পদের অধিষ্ঠাত্রী দেবীর পূজার আয়োজন করা হয়েছে বাংলার ঘরে ঘরে। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

--------------------

আইএফএ শিল্ড ফুটবল বুধবার শুরু হবে। উদ্বোধনী ম্যাচে ইস্টবেঙ্গল, শ্রীনিধি ডেকান এফ সি, র মুখোমুখি হবে। কল্যাণী স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল তিনটেয়। গ্রুপ ‘এ’-তে ইস্টবেঙ্গলের সঙ্গে রয়েছে শ্রীনিধি ডেকান এফ সি ও নামধারী এফসি। গ্রুপ ‘বি’-তে রয়েছে মোহনবাগান সুপার জায়ান্ট,গোকুলাম কেরালা এফ সি এবং ইউনাইটেড এফ সি। ইস্টবেঙ্গল ১৪ অক্টোবর নামধারীর এফ সি, র বিরূদ্ধে খেলবে।

অন্যদিকে, মোহনবাগানের ৯ অক্টোবর প্রথম ম্যাচে গোকুলাম কেরালা এফ সি এবং ১৫ অক্টোবর ইউনাইটেড স্পোর্টস ক্লাবের সঙ্গে খেলবে।ফাইনাল হবে ১৮ অক্টোবর।

-------------------- --------------------